

আর নহে, আর নহে—

বসন্তবাতাস কেন আর শুষ্ক ফুলে বহে ॥

লগ্ন গেল বয়ে সকল আশা লয়ে,

এ কোন্ প্রদীপ জ্বালো এ যে বক্ষ আমার দহে ॥

কানন মরু হল,

আজ এই সন্ধ্যা-অন্ধকারে সেথায় কী ফুল তোলো ।

কাহার ভাগ্য হতে বরণমালা হরণ করো,

ভাঙা ডালি ভরো—

মিলনমালার কণ্টকভার কণ্ঠে কি আর সহে ॥

---

Parjaay: Prem / Mayar-Khela , Taal: 2-2, Raag: Mishra-Bhairavi

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail